# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১০৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫১৭]

৪। সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. একটি মাত্র কাপড় পরিধান করে সালাত আদায় করা এবং তা পরিধান করার নিয়ম বিধান

باب الصَّلاَةِ فِي ثَوْبٍ وَاحِدٍ وَصِفَةِ لُبْسِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، أَنَّ عُمَرَ بْنَ أَبِي سَلَمَةَ، أَخْبَرَهُ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُصَلِّي فِي ثَوْبٍ وَاحِدٍ مُشْتَمِلاً بِهِ فِي بَيْتِ أُمِّ سَلَمَةَ وَاضِعًا طَرَفَيْهِ عَلَى عَاتِقَيْهِ .

বাংলা

১০৩৯-(২৭৮/৫১৭) আবূ কুরায়ব (রহঃ) ..... উমার ইবনু আবূ সালামাহ্ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে একটি কাপড়* পরে উম্মু সালামার ঘরে সালাত আদায় করতে দেখেছি। কাপড়ের দু’দিক তার কাঁধের উপর রাখা ছিল। (ইসলামিক ফাউন্ডেশনঃ ১০৩৩, ইসলামিক সেন্টারঃ ১০৪৩)

## English

Umar b. Abu Salama reported:
I saw the Messenger of Allah (ﷺ) praying in Umm Salama's house in a single garment, placing its two ends over his shoulders.

ফুটনোট

* উপরোল্লিখিত হাদীস দ্বারা আমরা অবগত হলাম যে, সালাত সম্পাদন করতে হলে শরীর বস্ত্র দ্বারা আবৃত করা অবশ্য জরুরী। এজন্য এমন পাতলা পোশাক পরিধান করা ঠিক নয় যার ফলে শরীরের অভ্যন্তরীণ অঙ্গ দৃষ্টিগোচর হয়। এতে পর্দার মূল উদ্দেশ্য অর্জিত হয় না। পাতলা পাঞ্জাবীর নিচে হাতাওয়ালা গেঞ্জি পরিধান করা উচিৎ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনু আবূ সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47792

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন